"একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সমন্বিত উপবৃত্তি কর্মসূচি(এইচএসপি)**

সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম(এসইডিপি)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ২য় ব্লক, ঢাকা-১০০০।

hsp.sedp@gmail.com

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/উচ্চ মাধ্যমিক উপবৃত্তি/৩৯/২০২০/১৮২ তারিখ : ০৪/০৬/২০২০ খ্রিঃ

**বিষয় ঃ এসইডিপি এর আওতাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির উচ্চ মাধ্যমিক/সমমান শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তির অর্থ বিতরণের লক্ষ্যে উপবৃত্তির জন্য তালিকাভুক্ত শিক্ষার্থীদের বিকাশ একাউন্ট খোলা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বাস্তবায়নাধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রামের অধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'র আওতায় সমাপ্তকৃত উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্পভুক্ত ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির প্রায় ৩ লক্ষ ২৬ হাজার শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি বিতরণের লক্ষ্যে নতুন বিকাশ একাউন্ট খুলতে হবে।

**বিকাশ একাউন্ট খুলতে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করতে হবে ঃ**

০১. বিকাশ কর্তৃপক্ষ থেকে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সহিত সাক্ষাতপূর্বক প্রতিষ্ঠানভিত্তিক একাউন্ট খোলার সিডিউল নির্ধারণ করবেন।

০২. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার তত্ত্বাবধানে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সহযোগিতায় বিকাশের প্রতিনিধিগণ সরেজমিনে শিক্ষা প্রতিষ্ঠানে গিয়ে শিক্ষার্থীদের নামে বিকাশ একাউন্ট খোলা শুরু করবেন।

০৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার তত্ত্বাবধানে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সহযোগিতায় বিকাশের প্রতিনিধির মাধ্যমে উপবৃত্তির তালিকাভুক্ত প্রত্যেক যোগ্য শিক্ষার্থীর নামে বিকাশ একাউন্ট খোলা নিশ্চিত করতে হবে। কোনক্রমেই উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার অনুমতি/সিডিউল ব্যতিত বিকাশ প্রতিনিধিগণ সরাসরি প্রতিষ্ঠানে গিয়ে একাউন্ট খুলতে পারবে না।

০৪. শিক্ষার্থীর বিকাশ একাউন্ট খোলার বিষয়ে KYC ফরম পুরণ এবং একাউন্ট থেকে টাকা উত্তোলন প্রভৃতি বিষয় সর্ম্পকে অবহিত করার লক্ষ্যে বিকাশের প্রতিনিধি, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সমন্বয়ে একদিনের ওরিয়েন্টেশন প্রোগ্রাম করা যেতে পারে। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদেরকে অবহিত করতে হবে।

০৫. উপবৃত্তি প্রাপ্যতার শর্তানুযায়ী কোন অযোগ্য শিক্ষার্থীর বিকাশ একাউন্ট খোলা যাবে না। ডাটাবেস/ACTSS এ উল্লিখিত কোন শিক্ষার্থী অনুপস্থিত/অযোগ্য থাকলে তার নাম ডাটাবেস/ACTSS থেকে কর্তনপূর্বক প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন। কোন অযোগ্য শিক্ষার্থীর বিকাশ একাউন্ট খোলা হলে বা যোগ্য শিক্ষার্থীর/ শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবক এর সিম/মোবাইল নম্বর ব্যতীত অন্য নম্বরে বিকাশ একাউন্ট খোলা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন। অসত্য বা ভুল তথ্যের কারণে উপবৃত্তির অর্থ বিতরণ করা হলে সে অর্থ সরকারী কোষাগারে ফেরত দিতে প্রতিষ্ঠান প্রধান বাধ্য থাকবেন এবং এ জন্য তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ বিষয়টি সার্বিকভাবে তত্ত্বাবধান করবেন।

০৬. উপবৃত্তি প্রাপ্ত সকল শিক্ষার্থীর বিকাশ একাউন্ট সচল রাখতে হবে।

**বিকাশ একাউন্ট খোলার জন্য শিক্ষার্থীদের সঙ্গে যা নিয়ে আসতে হবে-**

- একটি মোবাইল সেট
- শিক্ষার্থীর/শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের নামে রেজিষ্ট্রেশনকৃত সিম যে নম্বরে পূর্বে বিকাশ একাউন্ট খোলা হয় নাই।
- শিক্ষার্থীর ও অভিভাবকের এক কপি পাসপোর্ট সাইজ ছবি।
- শিক্ষার্থীর/শিক্ষার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের স্পষ্ট ফটোকপি।

**একাউন্ট খোলার সময় অবশ্যই মনে রাখতে হবে-**

- বিকাশ একাউন্ট খোলার আগে প্রতিষ্ঠানের উপবৃত্তিধারী শিক্ষার্থীদের নামের তালিকা বিকাশ প্রতিনিধি প্রতিষ্ঠান প্রধানের নিকট সরবরাহ করবে।
- শিক্ষার্থীর উপস্থিতিতে বিকাশের প্রতিনিধিকে KYC ফরম সঠিকভাবে পূরণ করতে হবে।
- একটি সিম/মোবাইল নম্বর ব্যবহার করে কোনক্রমেই একাধিক শিক্ষার্থীর নামে বিকাশ একাউন্ট খোলা যাবে না।
- শিক্ষার্থী/শিক্ষার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ডাটাবেস/ACTSS সীটে উক্ত শিক্ষার্থী/শিক্ষার্থীর পিতা/মাতার নামের সাথে জাতীয় পরিচয়পত্রের নামের মিল থাকতে হবে।
- যদি জাতীয় পরিচয়পত্র এবং ডাটাবেস/ACTSS- এ উল্লেখিত উক্ত শিক্ষার্থী/শিক্ষার্থীর পিতা/মাতার নামে কোন অসামঞ্জস্য থাকে, তবে ঐ জাতীয় পরিচয়পত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/কলেজ কর্তৃপক্ষের সত্যায়ন নিতে হবে।
- যদি শিক্ষার্থীর কাছে শিক্ষার্থী/শিক্ষার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি না থাকে, তবে উক্ত শিক্ষার্থীর বৈধ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি KYC ফরমে সংযুক্ত করতে হবে। KYC ফরমে শিক্ষার্থী/শিক্ষার্থীর পিতা/মাতার নামের স্থানে তার বৈধ অভিভাবকের নাম জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পূরণ করতে হবে। এক্ষেত্রে বৈধ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের তথ্য বিকাশ কর্তৃক প্রদত্ত সংযুক্ত প্রত্যয়ন পত্রে পূরণ করে এই প্রত্যয়ন পত্রে অত্র শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/কলেজ কর্তৃপক্ষের সত্যায়ন নিতে হবে এবং তারপরে শিক্ষার্থীর KYC ফরমের সাথে সংযুক্ত করতে হবে।
- বিকাশের প্রতিনিধি একাউন্ট খোলার পরে পিন নম্বর সেট করে দিবে। শিক্ষার্থীদের অবশ্যই পিন নম্বর মনে রাখতে হবে। এ বিষয়ে বিকাশ কর্তৃপক্ষ সতর্ক নির্দেশনা প্রদান করবেন।
- শিক্ষার্থীর বিকাশ একাউন্ট খোলা শেষ হলে সাথে সাথে তার নামে খোলা বিকাশ একাউন্ট নম্বর ডাটাবেস/ACTSS সামারি সিটে উক্ত শিক্ষার্থীর নামের পাশে আপডেট করে নিতে হবে।
- প্রতিদিনের একাউন্ট খোলার তথ্য বিকাশ প্রতিনিধি প্রতিষ্ঠান প্রধানের নিকট সরবরাহ করবে। কোন ভাবেই অসম্পূর্ন একাউন্ট খোলা যাবে না। একাউন্ট খোলা সম্পন্ন হওয়ার পর তালিকার ফটোকপি প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিয়ে প্রতিষ্ঠান প্রধান থেকে একাউন্ট খোলা সম্পন্ন হয়েছে মর্মে বিকাশ কর্তৃপক্ষ প্রত্যয়ন গ্রহন করবেন।

চলমান পাতা-২

**ছাত্র-ছাত্রীর বিকাশ একাউন্ট খোলার পরবর্তী ধাপ-**

০১. পিআইইউ থেকে প্রেরিত ডাটাবেস/ACTSS অনুযায়ী যোগ্য শিক্ষার্থীর বিকাশ একাউন্ট খুলে ১১ ডিজিটের মোবাইল নম্বর Pre-Printed কপিতে ইংরেজীতে লিখতে হবে এবং KYC ফরমে পূরণ করতে হবে। ডাটাবেস/ACTSS এ উল্লেখিত প্রতিষ্ঠানের নাম, প্রতিষ্ঠানের উপবৃত্তি আইডি নম্বর/EIIN নম্বর এবং শিক্ষার্থীর আইডি নম্বর KYC ফরমে ঠিকানা হিসাবে লিখতে হবে। লিপিবদ্ধ তথ্যাবলী নির্ভুল আছে এরূপ নিশ্চিত হয়েই প্রতিষ্ঠান প্রধান KYC ফরমে সীলসহ স্বাক্ষর করবেন। পরবর্তীতে সংশোধনের কোন সুযোগ থাকবে না।

**পুরণকৃত ডাটা/ACTSS এবং KYC ফরম জমা প্রদান প্রসঙ্গে নির্দেশনা ঃ**

বিকাশ একাউন্ট নম্বর পুরণপূর্বক ডাটা/ACTSS-এ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/কলেজ অধ্যক্ষ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার স্বাক্ষরসহ দুই সেট ফটোকপি করে এক কপি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান এবং অন্য কপি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সংরক্ষণ করবেন। বিকাশ একাউন্ট নম্বরসহ মূল ডাটা/ACTSS বিকাশের প্রতিনিধি গ্রহণ করবেন। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যোগ্য শিক্ষার্থীদের একাউন্ট খোলা শেষ হয়েছে মর্মে নিশ্চিত হয়ে প্রতিষ্ঠান প্রধান ডাটা/ACTSS-এ স্বাক্ষর করবেন।

এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে প্রতিষ্ঠান প্রধানগণকে বিষয়টি অবহিতকরণ এবং শিক্ষার্থীদের বিকাশ একাউন্ট খোলার বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
মাঠ পর্যায়ের উচ্চ মাধ্যমিক/সমমান উপবৃত্তি সংক্রান্ত যেকোন তথ্য প্রেরণের জন্য নিম্নোর ই-মেইলে **(hs.stipend@gmail.com)** যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

সংশ্লিষ্ট উপজেলা/থানার সকল প্রতিষ্ঠানের যোগ্য শিক্ষার্থীদের বিকাশ একাউন্ট খোলা সম্পন্ন হয়েছে মর্মে নিশ্চিত হয়ে উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা বিকাশ কর্তৃপক্ষকে প্রত্যয়ন পত্র প্রদান করবেন। উক্ত প্রত্যয়ন পত্র বিকাশ কর্তৃপক্ষ স্কীমের কেন্দ্রীয় কার্যালয়ে প্রেরণ করবে।

**স্বাস্থ্যবিধি মেনে একাউন্ট খোলার জন্য অনুরোধ করা হলো।**

অতিরিক্ত তথ্যের জন্য :

জনাব তৌফিক এরফান, গবেষণা কর্মকর্তা
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, এসইডিপি, ঢাকা।
মোবাইল নং : ০১৭১২২৪৬৬৮৫

জনাব মোহাম্মদ সাহাদাত হোসেন, সহকারী পরিচালক,
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, এসইডিপি, ঢাকা।
মোবাইল নং : ০১৭০০৭৭১৩৬৪

04/06/2020
(শরীফ মোর্তজা মামুন)
স্কিম পরিচালক
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, এসইডিপি
ফোন ঃ ০২-৯৫৬৩৪১২

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার
উপজেলা/থানাঃ.................................................জেলা ঃ.......................................

স্মারক নং- এসইডিপি/এইচএসপি/উচ্চ মাধ্যমিক উপবৃত্তি/৩৯/২০২০/১৮২ তারিখ : ০৪/০৬/২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২। ব্যবস্থাপনা পরিচালক, অগ্রণী ব্যাংক লিমিটেড, মতিঝিল,ঢাকা।
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, বিকাশ লিমিটেড, স্বাধীনতা টাওয়ার, বীরশ্রেষ্ঠ জাহাঙ্গীর গেট, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।
০৪। সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা............................... জেলা...............................................।
০৭। জেলা শিক্ষা অফিসার, জেলা..................................................
০৮। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৯। স্কিম পরিচালকের ব্যক্তিগত সহকারী, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১০। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান, .........................................।
১১। সংরক্ষণ নথি।

04/06/2020
(আশ্রাফুল মামুন)
গবেষণা কর্মকর্তা
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, এসইডিপি
ফোন ঃ ০২-৯৫৮৮৬৫৪
মোবাইল নং : ০১৯১৬৯৪৭০৩৩